দৈনিক সংবাদ

MAR. 02 20..

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...১... কলাম ...৬...

এসএসসি পরীক্ষা আজ শুরু

# নকল বন্ধে কঠোর ব্যবস্থা নেয়া হচ্ছে

নিজস্ব বার্তা পরিবেশক ঃ আজ বৃহস্পতিবার থেকে সারাদেশে এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে।

নকল প্রতিরোধে পাবলিক পরীক্ষা অধ্যাদেশ '৮০ কড়াকড়ি প্রয়োগের মধ্যদিয়ে এবার পরীক্ষা অনুষ্ঠিত হবে।

দেশের ৫টি শিক্ষা বোর্ডের অধীনে ভিন্ন ভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে এবার মাত্র ১৩ দিনের মধ্যেই পুরো পরীক্ষা সম্পন্ন হবে।

৫টি শিক্ষা বোর্ডের অধীনে এবছর অংশ নিচ্ছে ৯ লাখ ৩৭ হাজার ৬শ' ৬২ জন ছাত্র-ছাত্রী। এর মধ্যে ছাত্রের সংখ্যা ৫ লাখ ৩৪ হাজার ১শ' ৩৪ এবং ছাত্রীর সংখ্যা ৪ লাখ ৩ হাজার ৪শ ২৮।

ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে ২ লাখ ৬২ হাজার ৩শ' ৪ জন, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে ৭৪ হাজার ২শ' ৫১ জন, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ২ লাখ ৭২ হাজার

এসএসসি ঃ পৃঃ ২ কঃ ৫

## এসএসসি ঃ পরীক্ষা শুরু

( ১ম পৃষ্ঠার পর )

১শ' ৬২ জন, কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে ১লাখ ৫২ হাজার ৮শ ৩৮ জন এবং যশোর শিক্ষা বোর্ডের অধীনে ১ লাখ ৬৬ হাজার ১শ ৭ জন ছাত্রছাত্রী এবছর পরীক্ষায় অংশ নিচ্ছে।

এবছর মোট ৮শ' ৪১টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে ঢাকা বোর্ডে ২শ' ১৪টি, চট্টগ্রাম বোর্ডে ৮৮টি, রাজশাহী বোর্ডে ২শ' ১১টি, কুমিল্লা বোর্ডে ১শ ৭১টি এবং যশোর বোর্ডে ১শ' ৫৭টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নকল প্রতিরোধে এবার প্রশ্নপত্রে কিছু ভিন্নতা আনা হয়েছে। বাজারের প্রচলিত গাইড ও নোট বইয়ের সাথে সহজেই এসকল প্রশ্নের উত্তর মিলবে না। অংকের প্রশ্নের ক্ষেত্রে মূল বইয়ের 'সংখ্যা'র বদলে ফেলা হয়েছে। এর ফলে নকলকারীরা খুব একটা সুবিধা এবার পাবে না বলে সংশ্লিষ্ট সূত্র উল্লেখ করেন।

এ বছর পরীক্ষায় নকল প্রতিরোধে অত্যন্ত কড়াকড়ি আরোপ করা হবে। এজন্য বিশেষ পরিদর্শক দল গঠন করা হয়েছে। স্পর্শকাতর পরীক্ষাকেন্দ্রগুল্যোতে সতর্ক নজর রাখা হবে। কোন শিক্ষকের বিরুদ্ধে নকলে সহযোগিতার অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

সংশ্লিষ্ট এক সূত্রে জানা গেছে, নকল প্রতিরোধে সরকারের উচ্চপর্যায় থেকে ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা অধ্যাদেশ কঠোরভাবে প্রয়োগের জন্য নির্দেশ দেয়া হয়েছে।

'৮০ সালের পাবলিক পরীক্ষা অধ্যাদেশের সংশোধনী '৯২ আইনে ভুয়া পরীক্ষার্থী চিহ্নিত হলে পরীক্ষার খাতায় পূর্বে লিখিত উত্তরপত্র সংযোজন করলে, পরীক্ষার্থীকে সহায়তা করলে দুই বছরের কারাদণ্ডের বিধান রয়েছে। এছাড়া প্রশ্নপত্র ফাঁসকারীর ক্ষেত্রে ৪ বছরের কারাদণ্ডের বিধান রয়েছে।

এ আইন অনুযায়ী বিনা পরোয়ানায় গ্রেফতার করা যাবে।

৫টি শিক্ষা বোর্ডে বিশেষ পরিদর্শক দল গঠন করা হয়েছে। ঢাকা শিক্ষা বোর্ডে ২০টি পরিদর্শক দল গঠিত হয়েছে। এছাড়া শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের উদ্যোগেও কয়েকটি বিশেষ পরিদর্শক দল গঠন করা হয়েছে। এ টিমগুলো পরীক্ষাকেন্দ্র ঝটিকা পরিদর্শন করবে এবং অভিযুক্তদের বিরুদ্ধে তাৎক্ষণিক শাস্তিমূলক ব্যবস্থা নেবে। নকলে সহায়তার অভিযোগ পেলে শিক্ষকদের বিরুদ্ধেও ব্যবস্থা নেয়া হবে বলে সূত্র জানায়।

যশোর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, যশোর শিক্ষা বোর্ডের অধীনে এক-তৃতীয়াংশ পরীক্ষাকেন্দ্রকে স্পর্শকাতর হিসেবে চিহ্নিত করে আজ (বৃহস্পতিবার) থেকে শুরু হচ্ছে এসএসসি পরীক্ষা। কেন্দ্রগুলোতে সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের সর্বাত্মক প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে বলে পরীক্ষা নিয়ন্ত্রক 'সংবাদ'কে জানান।

রাজশাহী থেকে নিজস্ব প্রতিনিধি জানান, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন বিভিন্ন বিদ্যালয়ের প্রায় ৫শ' শিক্ষার্থী গতকাল বুধবার পর্যন্ত তাদের [illegible]